গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
টিভি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৩.২৩.০০২.১৯. ৪৫৫

তারিখঃ ০৯ পৌষ ১৪২৬ / ২৪ ডিসেম্বর ২০১৯

## প্রজ্ঞাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি কর্তৃক সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নিম্নের ছকে উল্লিখিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র নির্মাণের নিমিত্ত সংশ্লিষ্ট পরিচালক/প্রস্তাবককে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

| ক্র:নং | স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের নাম | প্রস্তাবক/পরিচালকের নাম | অনুদানের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | মোটা ফ্রেমের কালো চশমাটি | প্রস্তাবক: জনাব আবুল খায়ের খন্দকার<br>পরিচালক: জনাব এম.আই.জুয়েল | টাঃ ৩০,০০,০০০/-<br>(ত্রিশ লক্ষ টাকা) |
| ০২ | ৭ই মার্চ | পরিচালক: জনাব আব্দুল্লাহ আল নুর ওরফে তানিম নূর | টাঃ ৩০,০০,০০০/-<br>(ত্রিশ লক্ষ টাকা) |
| ০৩ | জনকের মুখ | পরিচালক: জনাব মান্নান হীরা | টাঃ ৩০,০০,০০০/-<br>(ত্রিশ লক্ষ টাকা) |

| ক্র:নং | প্রামাণ্য চলচ্চিত্রের নাম | প্রস্তাবক/ পরিচালকের নাম | অনুদানের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | মধুমতি পারের মানুষটি: শেখ মুজিবুর রহমান | পরিচালক: জনাব তানভীর মোকাম্মেল | টাঃ২০,০০,০০০/-<br>(বিশ লক্ষ টাকা) |

**অনুদানের শর্তাবলি:**

০১. মনোনীত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ শুরু করার নিমিত্ত চুক্তিপত্র সম্পাদনের পর মঞ্জুরির ৫০% অর্থ প্রদান করা হবে। অনধিক ২ মাসের মধ্যে সম্পূর্ণ চিত্রায়নের পর তা মঞ্জুরি কমিটি কর্তৃক (চিত্রায়িত অংশ) সন্তেষজনক বিবেচিত হলে মঞ্জুরির ৩০% অর্থ প্রদান করা হবে;

০২. সম্পূর্ণ চলচ্চিত্র নির্মাণ ও সরবরাহের পর মঞ্জুরি কমিটির সুপারিশক্রমে অবশিষ্ট ২০% অর্থ প্রদান করা হবে;

০৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্ত তাঁর জীবন ও কর্ম নিয়ে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ, অর্থ বছরের অবশিষ্ট সময় ইত্যাদিসহ বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষ ১ম ও ২য় কিস্তির টাকা একসংগে ছাড় করতে পারবে। এক্ষেত্রে ৩য় কিস্তির (শেষ কিস্তির) টাকা স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র সম্পূর্ণ নির্মাণ ও সরবরাহের পর মঞ্জুরি কমিটির সিদ্ধান্ত অনুসারে অর্থ ছাড় করা হবে;

০৪. প্রথম চেক প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। তবে স্ক্রিপ্টের প্রয়োজন/অনিবার্য কারনে/বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে;

০৫. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের সময় সাব-টাইটেল দিতে হবে;

০৬. শুধু বাংলাদেশের নাগরিক মঞ্জুরি প্রাপ্তির জন্য যোগ্য বিবেচিত হবেন। সকল শিল্পী/কলাকুশলিকে বাংলাদেশের নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোন বিদেশী শিল্পী/কলাকুশলির প্রয়োজন হয়, সেক্ষেত্রে মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্ত শিল্পী/কলাকুশলী অংশগ্রহণ করতে পারবে;

০৭. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে বঙ্গবন্ধুর পরিণত বয়সের কোন অভিনয় থাকবেনা। তবে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর পূর্বে ধারণকৃত প্রামাণ্যচিত্র ব্যবহার করা যাবে;

০৮. উপযুক্ত কারণ ছাড়া যদি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ শুরু না করেন কিংবা অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে ঐ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের সাথে জড়িত সকল মালামাল ও বিষয়-সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করবে এবং প্রদত্ত মঞ্জুরির অংশ আদায়ের জন্য সরকার যে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৯. জনসাধারনের জন্য প্রদর্শনের পূর্বে প্রযোজক বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদপত্র গ্রহণ করবে;

১০. প্রস্তাবিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে (2K/4K Resolution-এ) হতে হবে। তবে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র বাংলাদেশে বিদ্যমান ব্যবস্থায় প্রদর্শনের উপযোগী হতে হবে ;

১১. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য অর্থের ব্যবস্থাপনা তথ্য মন্ত্রণালয়ের নিকট ন্যস্ত থাকবে।

১২. পরিচালককে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান নিয়মাবলীর বিধানাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

চলমান পাতা/০২

পূর্ব পৃষ্ঠার পর-

১৩. নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজনায় থাকবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষে গঠিত চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি;

১৪. জাতীয় ও আর্ন্তজাতিকভাবে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রচারের কারিগরি ও কপি-রাইট জাতীয় বাস্তবায়ন কমিটির উপর ন্যস্ত থাকবে। তবে এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহযোগিতা থাকবে;

১৫. এ নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রটির স্বত্ব জাতীয় বাস্তবায়ন কমিটির মাধ্যমে সরকার কর্তৃক নির্ধারিত হবে;

১৬. মঞ্জুরি গ্রহণকারী ব্যক্তি /প্রতিষ্ঠানকে তথ্য মন্ত্রণালয়ের সাথে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তি স্বাক্ষর করতে হবে।

২৪.১২.২০১৯

মো:ঈশান আলী রাজা বাঙালী
উপসচিব (টিভি-১)।
ফোন: ০২-৯৫৭২১৯৪
ই-মেইল:tv1@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৩.২৩.০০২.১৯. ৪৫৫

তারিখঃ ০৯ পৌষ ১৪২৬ / ২৪ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মঞ্জুরি কমিটির সম্মানিত সদস্য জনাব.......................................................................................।
২. উপকমিটির সম্মানিত সদস্য জনাব.......................................................................................।
৩. বাছাই কমিটির সম্মানিত সদস্য জনাব.......................................................................................।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (বাজেট), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. প্রধান সমন্বয়ক মহোদয়ের একান্ত সচিব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশণা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
১২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৩. হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
১৪. জনাব তানভীর মোকাম্মেল, চলচ্চিত্র নির্মাতা, ফ্ল্যাট: ৩/বি, বাড়ী: ৩৯/এ, রোড: ৪/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
১৫. জনাব মান্নান হীরা, পরিচালক, ভ্যালি সেলেসটিয়াল, বাড়ী নং-২৬৪/৪, ফ্ল্যাট নং-এ/৭, মালিবাগ, ঢাকা-১২১৭।
১৬. জনাব আব্দুল্লাহ আল নুর ওরফে তানিম নূর, পরিচালক, বাড়ী ১১০, সড়ক ২, ব্লক এ, নিকেতন, গুলশান-১।
১৭. জনাব আবুল খায়ের খন্দকার, প্রস্তাবক, ৪৫/ডি,দিলুরোড, মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

২৪.১২.১৯

মো:ঈশান আলী রাজা বাঙালী
উপসচিব (টিভি-১)।
ফোন: ০২-৯৫৭২১৯৪
ই-মেইল:tv1@moi.gov.bd